# AKASHVANI (AIR)

## RNU : KOLKATA

### Bengali Text Bulletin

**Date 27-10-2025** **Time: 1.30 P.M**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১/ ভারতের সামুদ্রিক ক্ষেত্র গত কয়েক বছরে অভূতপূর্ব উন্নয়নের সাক্ষী হয়েছে বলে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ জানিয়েছেন। # তিনি আজ মুম্বাই-এ 'ইন্ডিয়া মেরিটাইম উইক ২০২৫'-এর সূচনা করেছেন।

২/ কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ বলেছেন, ছত্তিশগড়ের কাঁকের জেলায় ২১ জন মাওবাদী আত্মসমর্পণ করেছে।

৩/ ভারতীয় সেনা বাহিনী আজ ৭৯-তম 'পদাতিক দিবস' উদ্‌যাপন করছে।

৪/ ডিজিট্যাল অ্যারেস্ট মামলায় নথিভুক্ত FIR- গুলির বিস্তারিত রিপোর্ট জমা দেওয়ার জন্য সুপ্রিম কোর্ট, সব রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলকে নোটিশ দিয়েছে।

৫/ চারদিনের ছট পুজোর তৃতীয় দিনে আজ অস্তগামী সূর্যকে অর্ঘ্য নিবেদন করা হবে। এই উপলক্ষে রাষ্ট্রপতি, উপরাষ্ট্রপতি, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন।

৬/ ঘূর্ণিঝড় মন্থার আগামীকাল উপকূলে আছড়ে পরার সম্ভাবনার প্রেক্ষিতে, অন্ধ্রপ্রদেশ, ওড়িশা, কেরালা সহ উপকূল এলাকায় কড়া সতর্কতা জারি।

---

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আজ মুম্বাই-এ 'ইন্ডিয়া মেরিটাইম উইক ২০২৫'-এর সূচনা করেছেন। পরিবহন, জাহাজ চলাচল ও জলপথ মন্ত্রক এবং ইন্ডিয়ান পোর্টস অ্যাসোসিয়েশন-এর যৌথ উদ্যোগে পাঁচ দিনব্যাপী এই অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। অনুষ্ঠানে অমিত শাহ বলেন, ভারতের সামুদ্রিক ক্ষেত্র গত কয়েক বছরে অভূতপূর্ব উন্নয়নের সাক্ষী হয়েছে।

(বাইট- অমিত শাহ)

এই বৃহৎ অনুষ্ঠানে ভারতের সমুদ্র অর্থনীতি, স্থিতিশীল সামুদ্রিক উন্নয়ন এবং বাণিজ্য সম্প্রসারণের ভবিষ্যৎ রূপরেখা তুলে ধরা হবে। দেশ ও বিদেশের নৌ পরিবহণ ক্ষেত্রের শীর্ষস্থানীয় নেতৃত্ব, নীতিনির্ধারক, বিনিয়োগকারী, উদ্ভাবক এবং বিভিন্ন অংশীদাররা এতে যোগ দিয়েছেন।

উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মহারাষ্ট্রের মুখ্যমন্ত্রী দেবেন্দ্র ফড়নবীস, গুজরাটের মুখ্যমন্ত্রী ভূপেন্দ্র প্যাটেল, গোয়ার মুখ্যমন্ত্রী প্রমোদ সাওয়ান্ত, এবং ওড়িশার মুখ্যমন্ত্রী মোহন চরণ মাঝি প্রমুখ।

-------------------------

ছত্তিসগড়ের কাঁকের জেলায় ২১ জন মাওবাদী আত্মসমর্পণ করেছেন বলে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ জানিয়েছেন। সামাজিক মাধ্যমে এক পোস্টে শ্রী শাহ বলেন, এদের মধ্যে ১৩ জন বরিষ্ঠ মাওবাদী নেতা। ২০২৬ এর ৩১ শে মার্চের মধ্যে দেশ থেকে নকশালবাদ সম্পূর্ণ নির্মূল করার সরকারের পরিকল্পনার কথা উল্লেখ করে শ্রী শাহ বাকিদের আত্মসমর্পণের জন্য আবেদন জানান।

-------------------------

ভারতীয় সেনা বাহিনী আজ ৭৯-তম ‘পদাতিক দিবস’ উদ্‌যাপন করছে। ১৯৪৭ সালের আজকের দিনেই কাশ্মীর উপত্যকায় স্বাধীনতার পর প্রথম ভারতের পদাতিক বাহিনী বহিঃশত্রুর আক্রমণ প্রতিহত করেছিল। দেশের সার্বভৌমত্ব এবং আঞ্চলিক অখন্ডতা রক্ষায় শিখ রেজিমেন্টের ফার্স্ট ব্যাটেলিয়ানের বিমান, শ্রীনগরে অবতরণ করে। ভারতীয় সেনাবাহিনীর এই সাহসী পদক্ষেপ এবং পদাতিক বাহিনীর পরাক্রম, পাকিস্তানী হানাদারদের ভিন্ন পরিকল্পনাকে ব্যর্থ করে দেয়। এই উপলক্ষ্যে পদাতিক বাহিনীর মহা নির্দেশক লেফটেন্যান্ট জেনারেল অজয় কুমার, সমস্ত প্রাক্তন এবং কর্তব্যরত সৈন্যদের শুভেচ্ছা জানিয়েছেন। এক বার্তায় তিনি বলেন, সেনাবাহিনীর বীরত্ব, অকুতোভয় মনোভাব, পেশাদারিত্ব এবং কর্তব্যের প্রতি অবিচল নিষ্ঠা, প্রশংসনীয়। সীমান্ত পারের সন্ত্রাসবাদ মোকাবিলা কিংবা দেশের অভ্যন্তরে যেকোনো চ্যালেঞ্জের সামনে তাঁদের অনমনীয় মনোভাব, আগামী প্রজন্মকে উদ্বুদ্ধ করছে।

---------------------------

ডিজিটাল অ্যারেস্ট মামলা সংক্রান্ত ফার্স্ট ইনফরমেশন রিপোর্ট FIR এর বিস্তারিত জানতে সব রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলগুলোকে আজ নোটিশ জারী করেছে সুপ্রিম কোর্ট। দেশে ডিজিটাল অ্যারেস্ট এর ঘটনায় দুর্বৃত্তরা লক্ষ লক্ষ টাকা হাতিয়ে নেওয়ার ঘটনায়, সর্বোচ্চ আদালত সব মামলাগুলিকে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা সিবিআই কে হস্তান্তর করার কথাও চিন্তা করছে বলে খবর। দেশ জুড়ে সব মামলার তদন্ত করতে পারবে কিনা সেই বিষয়ে সিবিআই এর কাছে জানতে চেয়েছে সুপ্রিম কোর্ট। আদালত স্বতোপ্রণোদিত হয়ে ডিজিটাল অ্যারেস্ট এর মামলার শুনানি শুরু করেছে চলতি মাসের ১৭ তারিখ থেকে।

---------------------------

সর্দার বল্লভ ভাই প্যাটেলের ১ শো ৫০ তম জন্মবার্ষিকীতে তাঁর স্মৃতির উদ্দেশ্যে এমাসের ৩১ তারিখ কেন্দ্রীয় সরকারের উদ্যোগে রান ফর ইউনিটি বা ঐক্যের জন্য দৌড় অনুষ্ঠিত হবে। সমাজমাধ্যমের এক বার্তায় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দেশের জনগণকে এই অনুষ্ঠানে অংশগ্রহণ করার ও বল্লভ ভাই প্যাটেলের এক ভারত আদর্শের কথা তুলে ধরার আর্জি জানিয়েছেন।

--------------------------

প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং বলেছেন, ভারতের প্রতিরক্ষা সরঞ্জাম উৎপাদনে বেসরকারি ক্ষেত্রের অংশগ্রহণ বিশেষ উল্লেখযোগ্য ভাবে বেড়েছে। ভারতের প্রতিরক্ষা সরঞ্জাম রফতানির পরিমাণ বেড়ে ২৩ হাজার ৫০০ কোটি তাকায় পৌঁছেছে। নতুন দিল্লিতে SIDM বার্ষিক সম্মেলনে তিনি আজ বলেন, দেশীয় প্রতিরক্ষা সরঞ্জাম উৎপাদনের পরিমাণ গত এক দশকে রেকর্ড ১ দশমিক ৫ লক্ষ কোটি টাকা বৃদ্ধি পেয়েছে, এবং বেসরকারি ক্ষেত্র থেকে ৩৩ হাজার কোটি টাকা বিনিয়োগ করা হয়েছে।

অপারেশন সিঁদুরের সাফল্য তুলে ধরে তিনি বলেন, আকাশ মিসাইল সিস্টেম, ব্রাহমোস, আকাশতীর ইত্যাদি দেশীয় প্রযুক্তিতে তৈরি যুদ্ধ সরঞ্জাম যথেষ্ট ভালো ভাবে তাদের ক্ষমতা প্রদর্শন করেছে। দেশীয় প্রযুক্তিতে তৈরি এই ব্যবস্থাগুলি ভারতের মর্যাদা বিশ্বক্ষেত্রে তুলে ধরছে ও আত্মনির্ভর করে গড়ে তুলতেও সাহায্য করছে মন্তব্য করেন প্রতিরক্ষামন্ত্রী।

বাইট-রাজনাথ সিং

শিল্পক্ষেত্র ও সেনাবাহিনীর মধ্যে সংযোগ নিবিড় করতে, প্রতিরক্ষা সরঞ্জামের উৎপাদনের প্রইমান বাড়াতে SIDM এর উল্লেখযোগ্য ভূমিকার কথা তুলে ধরেন শ্রী সিং।

--------------------------

উপরাষ্ট্রপতি সিপি রাধাকৃষ্ণণ আগামিকাল থেকে তিন দিনের তামিলনাডু সফরে যাচ্ছেন। উপরাষ্ট্রপতি হওয়ার পর এটিই তার প্রথম তামিলনাডু সফর। তাঁর এই সফরে কোয়েম্বাটুর, তিরুপ্পুর, মাদুরাই ও রামান্থাপূরমে একাধিক কর্মসূচিতে যোগ দেবেন উপরাষ্ট্রপতি।

আগামিকাল প্রথমে কোয়েম্বাটুর বিমানবন্দরে পৌঁছবেন উপরাষ্ট্রপতি। সেখানে নাগরিক মঞ্চের তরফে তাঁকে সংবর্ধনা দেওয়া হবে। এরপর টাউন হল কর্পোরেশন বিল্ডিং মহাত্মাগান্ধীর মূর্তিতে শ্রদ্ধা জাবাবেন তিনি। আগামীকাল ও বুধবার একাধিক কর্মসূচি রয়েছে উপরাষ্ট্রপতির।

--------------------------

বিদেশমন্ত্রী S জয়শঙ্কর আজ মালয়েশিয়ার কুয়ালালামপুরে বিশতম পূর্ব এশিয়া শিখর সম্মেলনে ভারতের প্রতিনিধিত্ব করবেন। ভারত-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে শান্তি, সমৃদ্ধি ও স্থিতাবস্থা বজায় রাখার জন্য এবং সমসাময়িক আঞ্চলিক ও আন্তর্জাতিক নানা বিষয় নিয়ে এই সম্মেলনে অংশগ্রহণকারী নেতৃবৃন্দ মত-বিনিময় করবেন।

এর আগে বিদেশমন্ত্রী গতকাল আসিয়ান শীর্ষসম্মেলনে যোগ দেওয়ার পাশাপাশি বিশ্বের বিভিন্ন দেশের নেতৃত্বের সঙ্গে আলোচনায় অংশ নেন। সামাজিক মাধ্যমে এক বার্তায় শ্রী জয়শঙ্কর জানান মালয়েশিয়ার প্রধানমন্ত্রী আনোয়ার ইব্রাহিমকে একটি সফল

আসিয়ান সম্মেলনের আয়োজনের জন্য তিনি অভিনন্দন জানিয়েছেন। এ প্রসঙ্গে তিনি ভারত-মালয়েশিয়া দ্বিপাক্ষিক বন্ধন এবং দুদেশের মানুষের মধ্যে পারস্পরিক যোগাযোগ সুদৃঢ় করার ক্ষেত্রে মালয়েশিয়ার প্রধানমন্ত্রীর ভাবনার গুরুত্বের কথাও উল্লেখ করেন।

সিঙ্গাপুরের বিদেশমন্ত্রী ভিভিয়ান বালকৃষ্ণনের সঙ্গে বর্তমান বিশ্ব ও আঞ্চলিক পরিস্থিতি নিয়ে মতবিনিময় তথা ভারত-সিঙ্গাপুর পারস্পরিক সহযোগিতা সুদৃঢ় করার ব্যাপারেও আলোচনা করার কথা জানিয়েছেন মন্ত্রী।

তিনি থাইল্যান্ডের বিদেশমন্ত্রী সিহাসাক ফুয়াংকেটকেউ এর সঙ্গে দুদেশের পারস্পরিক কৌশলগত সম্পর্ক এগিয়ে নিয়ে যাওয়ার ব্যাপারে আলোচনার কথাও উল্লেখ করেছেন।

শ্রী জয়শঙ্কর দক্ষিণ কোরিয়ার বিদেশমন্ত্রী চো হুয়ানের সঙ্গে গাড়ি, সেমিকন্ডাক্টর, বৈদ্যুতিন, প্রতিরক্ষা ও জাহাজ নির্মাণের সরঞ্জামের ক্ষেত্রে পারস্পরিক সহযোগিতার বিষয়ে আলোচনার কথাও জানিয়েছেন।

-------------------------

সীমান্ত সুরক্ষা বাহিনী জম্মু কাশ্মীরের জম্মু, কাঠুয়া এবং সাম্বা জেলার আন্তর্জাতিক সীমান্ত এলাকায় ১৩৫ ফুট প্রশস্ত বাঁধ এবং সীমান্ত পর্যবেক্ষণ পোস্ট তৈরির জন্য অধিগ্রহণ করা জমির ক্ষতিপূরণ প্রদানের জন্য তহবিল প্রকাশ করেছে। কেন্দ্রীয় মন্ত্রী ডঃ জিতেন্দ্র সিং সামাজিক মাধ্যমের এক পোস্টে জানিয়েছেন জম্মুর বিভাগীয় কমিশনার রমেশ কুমার এবং সংশ্লিষ্ট জেলা প্রশাসকদের মাধ্যমে বৈধ জমির মালিকদের কাছে ক্ষতিপূরণের অর্থ বিতরণ করা হবে। এই পদক্ষেপ ক্ষতিগ্রস্ত বাসিন্দাদের স্বস্তি প্রদান করবে বলে মনে করা হচ্ছে।

-------------------------

জম্মু ও কাশ্মীরের উপরাজ্যপালের নির্দেশে চার বছর স্থগিত থাকার পর রাজ্যের প্রধান প্রশাসনিক দফতর ও নথিপত্র জম্মুতে স্থানান্তকরণ বা "দরবার মুভ" শুরু হয়েছে। আকাশবাণী জম্মুর সংবাদদাতা জানিয়েছেন, এই প্রশাসনিক দফতর স্থানান্তকরণের প্রাক্কালে রাস্তাঘাট সারাইয়ের কাজ চলছে। রাজভবন ও অন্যান্য প্রশাসনিক দফতরে নিরাপত্তার কাজ চলছে।

এই স্থানান্তকরণ ২০২১ থেকে বন্ধ ছিল, যা এবছর মুখ্যমন্ত্রী ওমর আব্দুল্লাহর পৌরোহিত্যে পুনরায় চালু করা হল।

-------------------------

ছট পুজো উপলক্ষে আজ দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, উপরাষ্ট্রপতি সিপি রাধাকৃষ্ণণ এবং কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ।

সামাজিক মাধ্যমে এক বার্তায় রাষ্ট্রপতি বলেছেন, সূর্য দেবতা ও ছটি মাইয়ার উপসনা করা হয় এই পুজোর মাধ্যমে এবং ধন্যবাদ জানানো হয় প্রকৃতিকে। ছট পুজো উপলক্ষে সবার জীবনের সুখ  ও সমৃদ্ধি কামনা করেছেন রাষ্ট্রপতি মুর্মু।

উপরাষ্ট্রপতি সিপি রাধাকৃষ্ণণ ছট পুজোকে আধ্যাত্মিক শক্তি, সামাজিক একতা ও প্রাকৃতিক ভারসাম্যের প্রতীক হিসাবে ব্যাখ্যা করেছেন। তিনিও সকলের সুখ ও সমৃদ্ধি কামনা করেছেন। সামাজিক মাধ্যমে এক বার্তায় কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহও ছটবাসী উপলক্ষ্যে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন।

-------------------------

সামুদ্রিক ঘূর্ণিঝড় মন্থা, পশ্চিম-উত্তর পশ্চিম দিকে অগ্রসর হচ্ছে। আগামীকাল সকালের মধ্যে তা' অতি শক্তিশালী ঘূর্ণিঝড়ে পরিণত হয়ে সন্ধ্যের মধ্যে অন্ধ্র উপকূলের মছলীপত্তম ও কলিঙ্গপত্তনমের মধ্য দিয়ে স্থলভাগ অতিক্রম করবে।

প্রাকৃতিক দুর্যোগের প্রেক্ষিতে অন্ধ্রপ্রদেশের মুখ্যমন্ত্রী এন. চন্দ্রবাবু নাইডু শীর্ষ প্রশাসনিক কর্মকর্তাদের সঙ্গে পরিস্থিতি পর্যালোচনা করেছেন। সমস্ত সতর্কতামূলক ব্যবস্থা ইতিমধ্যেই গ্রহণ করা হয়েছে। ছটি NDRF এবং তেরোটি SDRF দল মোতায়েন করা হয়েছে। নৌবাহিনীর হেলিকপ্টার ও চৌদ্দটি উদ্ধারকারী নৌকা প্রস্তুত রাখা হয়েছে জরুরি পরিস্থিতিতে ব্যবহারের জন্য। প্রতিটি জেলায় বরিষ্ঠ IAS আধিকারিকদের নোডাল অফিসার হিসেবে নিয়োগ করা হয়েছে । চালু হয়েছে টোল-ফ্রি নম্বর সহ বিশেষ কন্ট্রোল রুম।

ওড়িশার রাজস্ব ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রী সুরেশ পুজারি গতকাল এক উচ্চপর্যায়ের বৈঠকে ঘূর্ণিঝড় 'মোন্থা'-র মোকাবিলায় রাজ্যের প্রস্তুতি পর্যালোচনা করেন। বৈঠক শেষে সংবাদমাধ্যমকে তিনি জানান, দক্ষিণ ওড়িশার আটটি জেলা—মালকানগিরি, কোরাপুট, রায়গাড়া, গঞ্জাম, গজপতি, কন্ধমাল, কালাহান্ডি এবং নবরঙ্গপুর—সবচেয়ে বেশি প্রভাবিত হতে পারে বলে আশঙ্কা করা হচ্ছে। এই জেলাগুলিকে 'রেড জোন' হিসেবে চিহ্নিত করা হয়েছে। মন্ত্রী আরও জানান, রাজ্যের ৩০টি জেলা প্রশাসনকে সতর্ক থাকতে নির্দেশ দেওয়া হয়েছে, যাতে ঘূর্ণিঝড়ের গতিপথ পরিবর্তন হলে তাৎক্ষণিকভাবে ব্যবস্থা নেওয়া যায়।

-------------------------

ভারতের আবহাওয়া দপ্তর (IMD) কেরালার কোঝিকোড়, কান্নুর এবং কাসারগোড় জেলায় ভারী থেকে অতি ভারী বৃষ্টির ইঙ্গিত দিয়েছে। জারি হয়েছে কমলা সতর্কতা। বিচ্ছিন্নভাবে ভারী বৃষ্টিপাতের সম্ভাবনার ফলে কেরালার আরও সাতটি জেলায় আজ হলুদ সতর্কতা জারি করা হয়েছে। কেরালার আরও বেশ কিছু জেলায় ভারী বৃষ্টির পুরবাভাশ রয়েছে।

-------------------------

ঘূর্ণিঝড় মন্থা মোকাবেলায় ইয়ানাম প্রশাসন প্রস্তুতি সম্পূর্ণ করেছে। বিশাখাপত্তনম থেকে ২৮ সদস্যের জাতীয় বিপর্যয় মোকাবিলা বাহিনীর একটি দল এবং পুদুচেরি থেকে ৪০ জন ভারতীয় রিজার্ভ ব্যাটালিয়ন কর্মী উদ্ধার ও ত্রাণ কার্যের জন্য ইয়ানামে পৌঁছেছেন। সাবিত্রী নগর, গিরিয়ামপেট এবং দারিয়ালাটিপ্পা সহ বিভিন্ন ঝুঁকিপূর্ণ এলাকায় আঠারোটি আশ্রয়কেন্দ্রের ব্যবস্থা করার পাশাপাশি ছ'টি জেনারেটর স্থাপন করা হয়েছে।

------------------------- -------------------------